



স্মারক নম্বর: বশেমুরবি/ভর্তি/২০২৪/৩৭১

তারিখ : ১৪ অক্টোবর ২০২৪ খ্রি.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক প্রোগ্রামে দ্বিতীয় ধাপে কোটার ভর্তির নোটিশ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছ ভর্তি প্রক্রিয়ার গুচ্ছভুক্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-এ বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধা কোটা, খেলোয়াড় কোটা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা) যে সকল শিক্ষার্থী আবেদন করেছেন তাদের ডকুমেন্ট যাচাইপূর্বক বিষয় পছন্দ ও মেধাক্রম অনুযায়ী ১৬.১০.২৪ তারিখ বুধবার বিষয় বরাদ্দ দেওয়া হবে। উক্ত বরাদ্দের আলোকে শিক্ষার্থীকে (ইতঃপূর্বে প্রাথমিক ভর্তি সম্পন্ন না করে থাকলে) GST ওয়েবসাইটের (<https://gstadmission.ac.bd/>) মাধ্যমে ১৬.১০.২৪ তারিখ বুধবার হতে ১৭.১০.২৪ তারিখ বৃহস্পতিবারের মধ্যে অনলাইনে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। ১৭.১০.২০২৪ বৃহস্পতিবার হতে ২০.১০.২০২৪ রবিবার সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে অবশিষ্ট ফি (নিম্নের ছক অনুযায়ী) online-এ (admission.bsmru.ac.bd ওয়েবসাইটে লগইন করে) প্রদান করে নিম্নে উল্লেখিত ডকুমেন্টসহ নিম্নের ঠিকানায় উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

- ১। মূল নম্বরপত্র (SSC এবং HSC)
(মূল মেধাতালিকা অনুযায়ী মূল নম্বরপত্র দুইটি গুচ্ছভুক্ত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ইতঃপূর্বে জমা দিয়ে থাকলে প্রয়োজন নাই)
- ২। Payment স্লিপ (অনলাইন থেকে প্রাপ্ত)।

ভর্তি ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য

বিভাগের নাম	মোট ফির পরিমাণ	প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ ফি	অবশিষ্ট ফির পরিমাণ
ইংরেজি বিভাগ	৬,৫০০.০০	৫,০০০.০০	১,৫০০.০০
গণিত বিভাগ	৭,৫০০.০০		২,৫০০.০০
হিসাববিজ্ঞান বিভাগ	৬,৫০০.০০		১,৫০০.০০
কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ	৭,৫০০.০০		২,৫০০.০০

ঠিকানা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-এর অস্থায়ী ক্যাম্পাস (বঙ্গবন্ধু একাডেমিক ভবন, সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ)।

কোটায় আবেদনকারী শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

- ১। যে সকল শিক্ষার্থী ইত:পূর্বে মূল মেধা তালিকা থেকে বিষয় বরাদ্দ পেয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করেছেন কিন্তু কোটার মাধ্যমে অধিকতর পছন্দের সাবজেক্টে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছেন তাদের পুনরায় ৫ হাজার টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজন নাই।
- ২। কোটার আসন পূরণের জন্য প্রয়োজনে একাধিক তালিকা প্রকাশ করা হবে এবং চূড়ান্ত ভর্তি তারিখ সমন্বয় করা হবে।
- ৩। যে সকল শিক্ষার্থী কোটায় একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিষয় বরাদ্দ পাবেন তারা তার পছন্দ অনুযায়ী যেকোনো একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি (প্রাথমিক/চূড়ান্ত) সম্পন্ন করলে অন্য বিশ্ববিদ্যালয় গুলি থেকে তার জন্য বরাদ্দকৃত বিষয়ের আসনটি ফাকা হিসেবে বিবেচিত হবে।
- ৪। উক্ত ফাঁকা আসন অনুযায়ী পুনরায় তালিকা প্রকাশ করে কোটার ভর্তি সম্পন্ন করা হবে।

উল্লেখ্য, শিক্ষার্থীদের অনলাইনে admission.bsmru.ac.bd ওয়েবসাইটে লগইন করে "Address and others" মেনুতে ক্লিক করে ঠিকানা সহ বিস্তারিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করে আপডেট button ক্লিক করে তথ্য আপডেট প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ।

মোবাইল : ০১৫ ৫২৩৯ ৬৪২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অধ্যাপক মো. নুরুজ্জামান, প্রো-উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ।
২. অধ্যাপক মো. ইমান আলী, ট্রেজারার, বশেমুরবি, কিশোরগঞ্জ।
৩. মাননীয় উপাচার্যের একান্ত সচিব, বশেমুরবি, কিশোরগঞ্জ (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. চেয়ারম্যান, সকল বিভাগ, বশেমুরবি, কিশোরগঞ্জ।
৫. আস্থায়ক, সকল ইউনিট, GST গুচ্ছ ভর্তি কমিটি।
৬. সকল সহকারী প্রক্টর (ভারপ্রাপ্ত), বশেমুরবি, কিশোরগঞ্জ।
৭. অর্থ ও হিসাব দপ্তর, বশেমুরবি, কিশোরগঞ্জ।
৮. অফিস কপি।